

# রোপা আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে সরিষার চাষ

ধানের উৎপাদন না কমিয়ে শস্যবিন্যাসের মাধ্যমে উচ্চ ফলনশীল ও স্বল্প জীবনকালের ধানের চাষ করে রোপা আমন ও বোরো মৌসুমের মধ্যবর্তী সময়ে অতিরিক্ত (যেসকল জমি আমন ধান কর্তনের পর পতিত থাকে এবং তারপর বোরো ধান করা হয়) ফসল হিসেবে খুব সহজে সরিষার চাষ করা যায় এবং অনাবাদি চরাঞ্চল, উপকূলের লবণাক্ত অঞ্চল, হাওর ও পাহাড়ি অঞ্চলকে তেলজাতীয় ফসল চাষের আওতায় আনতে পারলে- দেশের ভোজ্যতেলের চাহিদা স্থানীয়ভাবে পূরণ করা সম্ভব হবে, কৃষক আর্থিক ভাবে লাভবান হবে।

“স্বল্প জীবনকালের রোপা আমন, সরিষা ও বোরো ধানের করবো চাষ,  
খাদ্য ও ভোজ্যতেল পাবো বার মাস”



আমন ধান



সরিষা



বোরো ধান

## আমন ধান রোপণের সময় :

আষাঢ়ের মাঝামাঝি/ জুলাইয়ের শুরুতে আমন ধানের বীজতলা তৈরি করে ২০- ২৫ দিনের চারা রোপণ করলে উপযুক্ত সময়ে সরিষা চাষ করা যাবে।

## সরিষা রোপণের সময়:

০১ নভেম্বর /১৬ কার্তিক মাসের মধ্যে সরিষা বীজ বপণ করা উত্তম, তবে ১৫ নভেম্বর/ ৩০ কার্তিক পর্যন্ত সরিষার বীজ বপণ করা যেতে পারে।

## বোরো ধান রোপণের সময় :

ডিসেম্বরের মাঝামাঝি/ পৌষের শুরুতে বোরো ধানের বীজতলা তৈরি করে ফেব্রুয়ারী প্রথম সপ্তাহ /মাঘের শেষ সপ্তাহ এর মধ্যে ৩৫- ৪০ দিনের চারা রোপণ করা যেতে পারে।

সরিষার উন্নত জাতসমূহ- বারি সরিষা ১৪ (জীবনকালঃ৭৫-৮০ দিন) , বারি সরিষা ১৫ (জীবনকালঃ৮০-৮৫ দিন), বারি সরিষা ১৭ (জীবনকালঃ৮২-৮৬ দিন) , বারি সরিষা ২০ (জীবনকালঃ৮০-৮৫ দিন), বারি সরিষা ২২ (জীবনকালঃ৮৪-৮৫ দিন), বিনা সরিষা ৯ (জীবনকালঃ৮০-৮৪ দিন), বিনা সরিষা ১০(জীবনকালঃ৭৫-৮০ দিন), বিনা সরিষা ১১ (জীবনকালঃ৭৮-৮২ দিন), বিনা সরিষা ১২ (জীবনকালঃ৮২-৮৬ দিন), বাউ সরিষা ৯ (জীবনকালঃ৭৮-৮২ দিন) চাষ করা যেতে পারে।

বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন। অথবা কৃষি বিষয়ক তথ্য জানতে কল করুন-১৬১২৩ নম্বরে



প্রচারে : কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, সিলেট

[www.ais.sylhet.gov.bd](http://www.ais.sylhet.gov.bd)

